



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ, ইফ্রাটনগাডনে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৭.১৮- ৪৭

তারিখ: ২৮.০১.২০১৯খ্রি:

বিষয়: যশোর জেলার সদর উপজেলাধীন রূপদিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি /এডহক কমিটি না থাকায় সুপার এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির (এমপিও) বিল উত্তোলন প্রসঙ্গে।

সূত্রঃ (১) রূপদিয়া দাখিল মাদ্রাসার আবেদন

তারিখ: ২৪.০১.২০১৯ খ্রি.


(২) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮,

তারিখ: ১৯.০৭.২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ০১ নং পত্রে রূপদিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি /এডহক কমিটি না থাকায় শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদির সরকারী অংশ (এমপিও) বিল উত্তোলনের অনুমতির জন্য আবেদন করা হয়েছে।

০২. সূত্রোক্ত ০২ নং স্মারক মোতাবেক কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান বেতন-ভাতা বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটির অবর্তমানে জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন।

০৩. এমতাবস্থায়, রূপদিয়া দাখিল মাদ্রাসার মাদ্রাসা, যশোর সদর, যশোর এর পরবর্তী ম্যানেজিং কমিটি/এডহক কমিটি অনুমোদন না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত ০২ নং স্মারক আদেশ অনুসরণক্রমে বর্ণিত মাদ্রাসার সুপার এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর এর প্রতিস্বাক্ষরে বেতন-ভাতাদির (এমপিও) বিল উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ শামসুজ্জামান)

উপ-পরিচালক (অর্থ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন: ৪১০৩০১৬৪

ই-মেইল: ddfinancedme@gmail.com

১. উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর।
২. সুপার, রূপদিয়া দাখিল মাদ্রাসা, ডাক: রুদ্রপুর, উপজেলা: যশোর সদরজেলা: যশোর।

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, যশোর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর।
৪. অফিস কপি।